# আপনার অধিকারগুলি জানুন

এটি একটি তথ্যপুস্তিকা যাতে যুক্তরাষ্ট্রে কর্মরত থাকাকালীন আপনার অধিকার সম্পর্কে বর্ণনা দেওয়া হয়েছে।

জাতীয় মানব পাচার হটলাইন ১-৮৮৮-৩৭৩-৭৮৮৮
(যুক্তরাষ্ট্রের ভিতর থেকে)











# আপনার অধিকারগুলি জানুন

আমরা নিশ্চিত যে আপনার যুক্তরাষ্ট্রে অবস্থান অনেক লাভজনক হবে। তবুও,যদি খারাপ কিছু ঘটে, সেক্ষেত্রে আপনার অধিকার আছে সাহায্য পাবার!

## আপনার এসব অধিকার আছে:

- ন্যায্য বেতন পাওয়ার
- বৈষম্যমুক্ত হয়ে থাকার
- যৌন উৎপীড়ন এবং যৌন শোষণ থেকে মুক্ত থাকার
- স্বাস্থ্যকর এবং নিরাপদ কর্মস্থল পাওয়ার
- ইউনিয়ন, অভিবাসী এবং শ্রম অধিকারমুলক দলগুলির কাছে সাহায্য চাইবার
- একটি অপমানজনক কর্মক্ষেত্র ছেড়ে যাওয়ার

**আপনার প্রতি কোন দূর্ব্যবহার করা হলে,
জাতীয় মানব পাচার হটলাইনের সাথে যোগাযোগ করুন
এই নম্বরে-১-৮৮৮-৩৭৩-৭৮৮৮(যুক্তরাষ্ট্রের ভিতর থেকে),
টেক্সট করুন “HELP” ২৩৩-৭৩৩ নম্বরে (যুক্তরাষ্ট্রের ভিতর থেকে),
অথবা ই-মেইল করুন NHTRC@POLARISPROJECT.ORG**

**প্রশিক্ষনপ্রাপ্ত বিশেষজ্ঞরা সব সময়ই ২০০র বেশি ভাষায় সাহায্য দেবার জন্য প্রস্তুত থাকেন। আপনার নিজের নাম জানানোর অথবা পরিচয় দেওয়ার কোন প্রয়োজন নেই। আরও জানতে চাইলে WWW.TRAFFICKINGRESOURCECENTER.ORG ওয়েবসাইট টি দেখুন।**

যদি তৎক্ষণাৎ বিপদের সম্ভাবনা থাকে, তবে পুলিশ’কে ডাকুন ৯১১ টিপে (যুক্তরাষ্ট্রের ভিতর থেকে)। তাদেরকে খুলে বলুন আপনার বিপদ সম্পর্কে, তাদেরকে আপনার ফোন নম্বর এবং আপনার অবস্থান (কোথায় আছেন) সম্বন্ধে অবহিত করুন। আপনি যদি ইংরেজিতে না বলতে পারেন তাহলে একজন দোভাষী’কে চেয়ে নিন। পুলিশ আসার পরে, তাদেরকে এই তথ্য পুস্তিকাটি দেখাতে পারেন এবং আপনি যে দূর্ভোগে ভুগেছেন/বিপদের সম্মুখীন হয়েছেন সে বিষয়ে জানান।

আপনি যদি একটি এ-৩, জি-৫, এইচ, জে, নেটো-৭ অথবা বি-১ গৃহকর্মী হিসেবে, তবে অভিবাসী হিসেবে নয়, এমন ভিসা পেয়ে থাকেন, তবে আপনার ভিসার সাক্ষাৎকারের সময় আপনার এই পুস্তিকাটি পাওয়া উচিত। ভিসা পাওয়ার আগেই কনস্যুলেটের কর্মকর্তা নিশ্চিত করবেন যে, আপনি এই তথ্য-পুস্তিকাটি পেয়েছেন, পড়েছেন, এবং বুঝতে পেরেছেন। আপনি যদি তা না করে থাকেন, তবে কনস্যুলেটের কর্মকর্তা এই তথ্য পুস্তিকাটি আপনাকে দিবেন এবং এই বিষয়ে আপনার সাথে আলোচনা করে এর প্রয়োজনীয়তা সম্পর্কে আপনাকে বুঝিয়ে বলবেন। এছাড়াও, কনস্যুলেটের কর্মকর্তার কর্তব্য এই পুস্তিকার তথ্য বিষয়ক কোন প্রশ্ন থাকলে তার উত্তর দেওয়ার।

# ভিসাগত অবস্থানটি যাই হোক না কেন আপনার অধিকারসমূহ

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার অধিকার লঙ্ঘন করা হয়েছে, কোন সরকারি সংস্থায়, ইউনিয়নের কাছে, বে-সরকারি সংগঠন, অথবা অন্য কোন সংস্থা যারা আপনাকে সাহায্য করতে পারবে, তাদের কাছে গিয়ে জানাবেন। আপনি যদি ইংরেজিতে বলতে না পারেন তবে একজন দোভাষী'কে চাইবেন।

### ১. ন্যায্য বেতন পাওয়ার অধিকার

- আপনি যতক্ষণ কাজ করবেন তার সম্পূর্ণটার জন্যই আপনার বেতন পাওয়ার অধিকার আছে।
- বেশির ভাগ কাজের জন্য কেন্দ্রীয় সরকারের যে আইনত: ন্যূনতম বেতন ধার্য্য করা আছে, সেটি পাবার অধিকার আছে আপনার। বর্তমান সময়কার ন্যূনতম বেতনের কেন্দ্রীয় হার জানার জন্য দেখুন *www.dol.gov/whd/minimumwage.htm*
- হয়ত কেন্দ্রীয় ন্যূনতম হারের বেশি আপনার প্রাপ্য হতে পারে যদিঃ
    - আপনি এমন কোন অঙ্গরাজ্যে, শহরে অথবা কাউন্টিতে কাজ করেন যেখানকার ন্যূনতম বেতনের হার আরও উর্দ্ধে।
    - আপনার কাজের চুক্তিপত্রে /ভিসা'র কার্যক্রমে উচ্চতর হারের কথা বলা আছে।
- সপ্তাহে ৪০ ঘন্টার বেশি কাজ করে থাকলে অতিরিক্ত সময়ের জন্য আপনি ঘন্টায় যা সাধারণত পান, তার দেড় গুন বেশি পেতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি সাধারনত ঘন্টায় যদি $১০ করে পেয়ে থাকেন, তাহ'লে আপনাকে অতিরিক্ত সময় কাজ করানোর জন্য আপনার মালিককে হয়ত সেই অতিরিক্ত সময়কালে ঘন্টায় $১৫ করে দিতে হতে পারে।

পরামর্শ: ভবিষ্যতে দেখার জন্য এই পুস্তিকাটি আপনার সাথে যুক্তরাষ্ট্রে নিয়ে আসবেন।



পরামর্শ:আপনি কতদিন থাকবেন তার ওপর নির্ভরকরে, যুক্তরাষ্ট্রে থাকাকালীন সময়ে আপনার স্বাস্থ্যবীমার প্রয়োজন হবে কিনা সেটি। স্বাস্থ্যবীমার হার কমাবার জন্য হয়ত আর্থিক সাহায্য পাবার যোগ্যতাও আপনি অর্জন করতে পারেন।

- আপনার মালিক তথা নিয়োগকর্তা যদি আপনার বেতন থেকে টাকা কেটে রাখে, একে বলা হয় বিয়োজন বা ডিডাকসন। আপনার নিয়োগকর্তাকে আপনার বেতন থেকে কেটে নেওয়া প্রত্যেকটি বিয়োজনকে চিহ্নিত করে অবশ্যই বেতনের চেক'টিতে আপনাকে দেখিয়ে দিতে হবে।
- বিয়োজনগুলি বেআইনি হয়ে যেতে পারে যদি বিয়োজনের পর আপনার বেতন আইনানুযায়ী নির্ধারিত প্রাপ্ত বেতন হারের চেয়ে কম হয়ে যায়। কোন মালিক সাধারণত ইউনিফর্ম, নিরাপত্তা সরঞ্জাম, প্রয়োজনীয় হাতিয়ারগুলি, যোগান, সরঞ্জাম অথবা নিয়োগের জন্য প্রদেয় অর্থের জন্য কোন টাকা কেটে নিতে পারবেন না। কোন কোন ভিসা শ্রেণীতে, বিনামূল্যে বসবাসের ব্যবস্থাটি আবশ্যিক করা হয়েছে।
- আইনত বিয়োজনের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে সেই খাতগুলি যেগুলি আপনি নিজে বেছে নেবেন, যেমন স্বাস্থ্যবীমা, ইউনিয়নের পাওনা, অথবা বেতনের অগ্রীম, এবং তাছাড়াও যে বিয়োজন কোন মালিক পক্ষকে করতে হয় বিচারকের নির্দেশে সন্তানের অথবা প্রাক্তন স্ত্রীর খোরপোশের জন্য অথবা দেউলিয়া প্রক্রিয়ার জন্য। খুব কম ব্যতিক্রম ছাড়া, অ-অভিবাসী ভিসাধারী ব্যক্তি যারা যুক্তরাষ্ট্রে কাজ করেন তারা কেন্দ্রীয় এবং অঙ্গরাজ্যের আয়কর এবং কর্মসংস্থানের করের অধীনে পড়েন। আপনি এবং আপনার মালিকপক্ষ একমত হয়ে আপনার বেতন থেকে আয়কর কেটে রাখতে পারেন। সাধারনত মালিকপক্ষ আপনার বেতন থেকে সরাসরি আপনার কর্মসংস্থান কর কেটে রাখবেন যার অন্তর্ভুক্ত থাকবে সোসাল সিকিউরিটি এবং মেডিকেয়ার করসমূহ।

## ২. আপনার অধিকার আছে বৈষম্যমুক্ত থাকার

- আপনার নিয়োগকর্তার আচরণ অবৈধ বলে গন্য করা হবে যদি তাঁরা আপনার বয়সের কারনে (যদি আপনার বয়স ৪০ বা তার উর্দ্ধে হয়), আপনি মহিলা অথবা পুরুষ ব'লে, আপনার জাতি, দেশ, সাংস্কৃতিকগোষ্ঠি, বর্ণ, ধর্ম, বংশানুগতি তথ্য, (পরিবারের স্বাস্থ্যগত ইতিহাসসহ), অথবা প্রতিবন্ধকতার কারনে আপনার প্রতি ভিন্ন রকমের আচরণ করেন।

পরামর্শ: যুক্তরাষ্ট্রে যাবার আগে, অভিবাসী কর্মী সংগঠনগুলির, অথবা প্রাক্তন অভিবাসী কর্মীদের কাছ থেকে উপদেশ নিন। তারা আপনাকে কোন লোকের বা সংগঠনের নাম এবং নম্বরগুলি দিতে পারবে ফলে যুক্তরাষ্ট্রে থাকাকালিন আপনার কোন সমস্যা দেখা দিলে অথবা প্রশ্ন থাকলে যাদের সাথে আপনি যোগাযোগ করতে পারবেন।



- আপনার নিয়োগকর্তা আপনার প্রতি ভিন্ন আচরণ করতে পারেন না কারণ আপনি একজন মহিলা অথবা আপনি গর্ভধারন করেছেন বলে, শিশুকে স্তন্যপান করান বলে, অথবা গর্ভধারণ করতে পারেন বলে।

## ৩. যৌন হয়রানী এবং যৌন-স্বার্থের শিকার হওয়া থেকে উন্মুক্ত থাকার ক্ষেত্রে আপনার অধিকার

- নিয়োগকর্তা আপনাকে যৌন হয়রানী করলে সেটি হবে বে-আইনী। আপনার নিয়োগকর্তা আপত্তিকর কোন যৌন অথবা লিঙ্গ-ভিত্তিক মন্তব্য করতে পারবেন না।
- আপনার প্রতি কোন রকমের যৌনক্রিয়ার সুযোগ গ্রহণ করাটি আপনার নিয়োগকর্তার জন্য হবে বেআইনি, এর মধ্যে অন্তর্ভুক্ত:
  - আপনাকে দিয়ে কোন যৌনক্রিয়া করানোর দাবি করা;
  - যৌনপন্থায় আপনাকে স্পর্শ করা;
  - জোরপূর্বক, চাতুরী দ্বারা অথবা বাধ্য করার মাধ্যমে যৌনক্রিয়া করানো।

## ৪. আপনার স্বাস্থ্যকর এবং নিরাপদ কর্মস্থল পাবার অধিকার

যুক্তরাষ্ট্রে একজন কর্মী হিসেবে, আপনার অধিকার আছে নিরাপদ, স্বাস্থ্যকর পরিবেশসমৃদ্ধ কর্মস্থল পাবার যার মধ্যে অন্তর্ভুক্ত:

- **স্বাস্থ্যচিকিৎসা:** কাজের সাথে জড়িত কোন আঘাত অথবা অসুস্থ্যতার বিষয়ে মালিকপক্ষকে জানানোর অধিকার আপনার আছে। আপনি কাজে থাকাকালীন যদি আঘাত পান অথবা অসুস্থ্য হয়ে পড়েন, আপনি চিকিৎসা চাইতে পারেন। বেশিরভাগ ক্ষেত্রেই, মালিকপক্ষই আপনার কাজের সাথে জড়িত আঘাত অথবা অসুস্থ্যতার জন্য বিনামূল্যে চিকিৎসা এবং আঘাতজনিত কারণে কাজ করতে না পারার সময়ের বেতনের অংশটি প্রদান করবেন। আপনাকে হয়ত যে অঙ্গরাজ্যে বা স্টেটে কাজ করেন সেখানে কর্মী ক্ষতিপূরণের জন্য আবেদন করতে হতে পারে।



- **নিরাপত্তামুলক সরঞ্জাম:** আপনি যদি কীটনাশক অথবা বিপজ্জনক রাসায়নিক বস্তু নিয়ে বা এর কাছাকাছি থেকে কাজ করেন, সেক্ষেত্রে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই সেই কাজের জন্য প্রয়োজনীয় নিরাপত্তামূলক সরঞ্জাম কিনে দিতে হবে (যেমন শ্বাস নেবার যন্ত্র অথবা দস্তানা)।
- **প্রশিক্ষন:** ঝুঁকি সম্বন্ধে, ক্ষয়ক্ষতি নিবারণের পদ্ধতি, এবং যেসব নিরাপত্তা এবং সুস্বাস্থ্যের নীতি আপনার কর্মক্ষেত্রে প্রজোয্য সেসব বিষয়ে আপনার তথ্য এবং প্রশিক্ষন পাওয়ার অধিকার আছে। এই প্রশিক্ষনের ভাষা আবশ্যিকভাবেই হতে হবে সেই ভাষা ও শব্দগুলি দিয়ে যা আপনার বোধগম্য হবে।
- **বাসস্থান:** আপনার নিয়োগকর্তা যদি আপনার বাসস্থানের ব্যবস্থা করে দেয়, সেটা পরিষ্কার এবং নিরাপদ হওয়া আবশ্যক।যখন কাজে থাকবেন না তখন অবশ্যই বাড়ির বাইরে যাবার সুযোগ থাকতে হবে আপনার।
- **বাথরুম:** বাথরুম পরিষ্কার এবং প্রবেশগম্য হওয়া আবশ্যক। কতৃপক্ষকে আপনার প্রয়োজন মত বাথরুম ব্যবহারের সুবিধা দিতে হবে।
- **সুপেয়পানি:** পান করবার জন্য স্বচ্ছ পানীয়জল পাওয়ার অধিকার আপনার আছে।
- **সাবান এবং পরিষ্কার পানি:** প্রয়োজনমত সাবান এবং পানি দিয়ে হাত ধোয়ার অধিকার আপনার আছে বিশেষ করে কীটনাশক/ রাসায়নিকবস্তু, যার মধ্যে অন্তর্ভুক্ত শাকসব্জি এবং ফল যেগুলিতে কীটনাশক/ রাসায়নিক পদার্থ দেওয়া হয়েছে, সেসব নাড়া-চাড়া করার পর।
- **চিকিৎসাগত জরুরী অবস্থা:** হয়ত আপনার এই খরচগুলি ইতিমধ্যেই দেওয়া আছে, সেইজন্য যত শীঘ্র পারেন আপনার আঘাত অথবা অসুস্থতার বিষয় নিয়োগকর্তাকে জানিয়ে দিতে হবে যাতে নিয়োগকর্তা দরকারি কাগজপত্রগুলি পূরণ করে জমা দিতে পারে। আপনি যখন ডাক্তার, ক্লিনিক অথবা হাসপাতালে যাবেন, তখন আপনার অসুস্থতা অথবা আঘাতের বিষয়ে যা লেখা হয়েছে সেসব কাগজ-পত্রের একটা ক'রে কপি চেয়ে নেবেন।

পরামর্শ: আপনার নিয়োগকর্তা অথবা ঠিকাদার, অথবা কর্মী সংগ্রকারীদের কাছ থেকে পাওয়া আইনী পরামর্শ পক্ষপাতদুষ্ট হতে পারে। কোন স্বাধীন আইনজীবি'র কাছ থেকে পরামর্শ নিন।

আপনি যদি কীটনাশক অথবা বিপজ্জনক রাসায়নিক জিনিষ নিয়ে কাজ করেন অথবা তার সন্নিকটে থাকেন:

- যেসব রাসায়নিক বস্তু নিয়ে কাজ করছেন সেটা বুঝবার এবং জানবার আপনার একটা অধিকার আছে, এবং আপনার নিয়োগকর্তা অবশ্যই বেতনসহ আপনাকে কর্মস্থলের রাসায়নিক পদার্থ বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করবে।
- আপনার নিয়োগকর্তা আপনাকে অবশ্যই জানাবেন কোথায় এবং কখন কীটনাশক ছড়ানো হয়েছে এবং কখন কোন কীটনাশক দেওয়া জায়গাতে নিরাপদে পুনঃপ্রবেশ করা যাবে যাতে দূর্ঘটনাবশতঃ এর প্রভাবে আসাটি এড়িয়ে যেতে পারেন। যেখানে কীটনাশক ছড়ানো হচ্ছে সেখানে থাকবেন না।

## ৫. ইউনিয়ন, অভিবাসন, এবং শ্রমিক অধিকার সংস্থার কাছে আপনার সাহায্য প্রার্থনার অধিকার

- কয়েকটি ব্যতিক্রম ছাড়া, আপনার সহকর্মীদের সাথে যোগ দিয়ে আপনার নিয়োগকর্তাকে বেতনের হার বাড়াবার অথবা কর্মস্থানের পরিবেশ উন্নয়নের কথা বলার অধিকার আপনার আছে। অধিকাংশ কর্মীর আরও অধিকার আছে, কর্মস্থলে ইউনিয়ন গঠন, তাতে যোগদান, এবং সমর্থন করার।
- আপনি যখন কাজ করছেন না, তখন বেতন বাড়ানোর বা উত্তম কর্ম পরিবেশের দাবীর সমর্থনে আয়োজিত কোন প্রকাশ্য সভা, সমাবেশ এবং বিক্ষোভে অংশ নিতে পারেন।
- আপনার অভিবাসনের অবস্থা যাই হোক না কেন, এই অধিকারটি আপনার থাকবে। আপনার অধিকার দাবি করার জন্য আপনার নিয়োগকর্তা আপনার বিরুদ্ধে কোন ব্যবস্থা নিতে পারবেনা।

## ৬. অপমানজনক কর্ম-পরিবেশ ত্যাগ করার অধিকার

- আপনার ওপর যদি অন্যায় আচরণ করা হয় তাহলে আপনার জন্য সবচাইতে গুরুত্বপূর্ণ বিষয় হয়ে উঠবে নিরাপত্তার খোঁজ করা। যদি আপনার নিয়োগকর্তা আপনার ওপর অন্যায় সুযোগ গ্রহণ অব্যাহত রাখে তবে সেই চাকরীতে আপনার থাকতে হবেনা।
- যদিও আপনার চাকরী ছেড়ে গেলে আপনার ভিসার অবস্থানটি আর বৈধ থাকবেনা, তবে আপনি হয়ত আপনার ভিসার অবস্থানটি অথবা কর্মস্থান পরিবর্তন করতে সক্ষম হবেন। এটা করার জন্য হয়ত যুক্তরাষ্ট্র ছেড়ে যেতে হবে। যদিও আপনার ভিসার অবস্থান বৈধ নয়, তবুও আপনার অত্যাচারি কতৃপক্ষকে ছাড়ার সাথে সাথেই সাহায্য পেয়ে যাবেন।
- আপনি কাজে থাকতে থাকতেই অথবা কাজ ছেড়ে যাওয়ার পর বিধিসম্মতভাবে অভিযোগ করতে পারেন অথবা আপনার নিয়োগকর্তার বিরুদ্ধে মামলা রুজু করতে পারেন। এটা করার জন্য নিয়োগকর্তা যদি আপনার বিরুদ্ধে কিছু করে (অথবা বদলা নেয়), তারা তখন আইন লঙ্ঘন করছে।

# অন-অভিবাসী তথা অভিবাসনহীন অবস্থান ভিত্তিক আপনার অতিরিক্ত অধিকার

### এ-৩ , জি-৫, নেটো-৭, এবং বি-১ গৃহকর্মীবৃন্দ

- আপনার নিয়োগকর্তা অবশ্যই আপনাকে একটি কর্মসংস্থান চুক্তি প্রদান করবেন যেটি যুক্তরাষ্ট্রের আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ।
- এই চুক্তিতে অবশ্যই লেখা থাকতে হবে গৃহকর্মীকে ঘন্টাপ্রতি কত বেতন দেওয়া হবে। ঘন্টাপ্রতি বেতন অবশ্যই হতে হবে যুক্তরাষ্ট্রের ফেডারেল, রাজ্য, অথবা স্থানীয় আইনে বর্ণিত ন্যূনতম বেতনের হারের মধ্যে সর্বোচ্চটি।
- আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনি বুঝতে পারেন এমন একটি ভাষায় চুক্তিপত্র সরবরাহ করতে হবে। নিশ্চিত হয়ে নিন চুক্তির শর্তাবলীগুলি আপনি জানেন এবং এর ভিতরে কি বলা হয়েছে সেটি না জেনে কোন দলিলে স্বাক্ষর করবেন না।

### এ-৩, জি-৫ এবং নেটো-৭ গৃহকর্মীদের জন্য অতিরিক্ত প্রয়োজনীয়তাসমূহ

ন্যূনতমপক্ষে, চুক্তিতে নিম্নোক্ত অনুবিধিগুলি থাকা আবশ্যক:

- আপনার নিয়োগকর্তা দ্বারা প্রস্তুত করা চুক্তিটি যুক্তরাষ্ট্রের সব আইন মেনে চলবে;
- কত ঘনঘন এবং কিভাবে বেতন দেওয়া হবে, কি কাজ করতে হবে, সপ্তাহে কখন থেকে কখন কাজ, ছুটির দিন, অসুস্থ্যতাজনিত ছুটি, অবকাশযাপনগত ছুটি; এবং
- আপনার নিয়োগকর্তার সাথে করা চুক্তি যে তাঁরা আপনার পাসপোর্ট, কাজের চুক্তি অথবা অন্য কোন ব্যক্তিগত সম্পদ আপনার কাছ থেকে নিয়ে নেবেন না।

### এইচ-২এ সাময়িক কৃষিকর্মী ভিসাসমূহ

- আপনাকে কখনোই কোন কর্মী সংগ্রহকারী দালালকে এজন্য কোন অর্থ দিতে হবেনা।
- আপনাকে অবশ্যই লিখিত একটি কাজের চুক্তি পেতে হবে যার ভাষা আপনি বোঝেন। তাতে বিস্তারিতভাবে মজুরী, কত ঘন্টা কাজ, কাজের সময়, সুযোগ-সুবিধাগুলি (পরিবহন, বাসস্থান এবং ঘর অথবা রান্নার ব্যবস্থাসহ), এবং আপনার বেতন থেকে যে কোন বিয়োজনগুলি লিখিত থাকবে।
- ন্যায্য হারে বেতন পাওয়ার অধিকার আপনার আছে এমন কি আপনি যদি এককেটি পিস তথা টুকরা প্রতি মজুরীও পেয়ে থাকেন।
- আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনি যেখান থেকে কাজে আসছেন তার জন্য পরিবহন অথবা কাজে আসার ভাড়া, অথবা আপনাকে যুক্তিসম্মতভাবে খরচের টাকা পরিশোধ করে দিতে হবে যখন আপনি কাজের চুক্তি মোতাবেক অর্ধেকটা কাজ করে ফেলবেন। চুক্তি অনুযায়ী আপনার কাজ শেষ হয়ে গেলে, আপনার নিয়োগকর্তাকে আপনি যেখান থেকে এসেছিলেন সেখানে ফেরৎ যাবার ব্যবস্থা করে দিতে হবে অথবা তার খরচ দিতে হবে। আপনার নিয়োগকর্তাকে হয়ত আপনার কাজের প্রথম সপ্তাহেই আপনার আসার



পরামর্শ: আপনার নিয়োগকর্তাকে যথাসময়েই আপনার প্রাপ্য পরিশোধ করতে হবে। যুক্তরাষ্ট্রে এটা খুবই সাধারণ রীতি, কর্মীরা দুই সপ্তাহ অন্তর মাইনে পায়।

এবং ভিসার খরচাপাতি আপনাকে ফেরৎ দিতে হবে যদি দেখা যায় যে আপনার উপার্জন থেকে খরচ বাদ দিলে যেটা থাকে সেটা মার্কিন যুক্তরাষ্ট্রের ন্যূনতম বেতনের থেকে কম। আপনাকে নিয়োগকর্তা প্রদত্ত বাসস্থান থেকে কর্মস্থানে বিনামুল্যে পৌঁছে দেবার দায়িত্বও আপনার নিয়োগকর্তার।

- আপনি এইচ-২এ ভিসার সাথে যুক্ত যত কাজ করেছেন তার উপার্জন থেকে যুক্তরাষ্ট্রের সোস্যাল সিকিউরিটি এবং মেডিকেয়ার কর থেকে আপনি অব্যাহতি পাবেন।
- সাধারনত, আপনার নিয়োগকর্তাকে অবশ্যই চুক্তির পুরো সময়কালে আপনাকে কর্মদিবসগুলির ৩/৪ ভাগের সমপরিমান সর্বমোট সংখ্যক ঘন্টার কাজের সুযোগ দিতে হবে।

## এইচ-২বি সাময়িক অ-কৃষিকর্মী ভিসা

- আপনাকে কখনোই কর্মী সংগ্রহকারী দালালকে টাকা দিতে হবেনা।
- আপনাকে অবশ্যই একটি লিখিত কাজের নির্দেশনামা পেতে হবে যার ভাষাটি আপনি বোঝেন। তাতে বিস্তারিতভাবে তথ্য দেওয়া থাকবে মজুরী, কত ঘন্টার কাজ, কখন থেকে কখন, সুযোগ-সুবিধা (যাতায়তের ব্যবস্থা, বাসস্থান এবং খাওয়া-দাওয়া অথবা রান্নার ব্যবস্থা), এবং আপনার বেতন থেকে কোন অর্থ কেটে নেওয়ার বিষয়গুলি সম্পর্কে।
- সাধারনত, আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনাকে সর্বমোট তত ঘন্টার সমসংখ্যক কাজের সুযোগ দিতে হবে যা কমপক্ষে প্রতি ১২ সপ্তাহ সময়কালের কর্মদিবসগুলির ৩/৪ হয়।
- ন্যায্য হারে বেতন পাওয়ার অধিকার আপনার আছে এমনকি আপনি যদি পিস বা টুকরা প্রতি হারে মজুরীও পান।
- আপনার নিয়োগকর্তাকে অবশ্যই বিদেশের যেখান থেকেই আপনি কাজে আসুন না কেন সেই পরিবহন খরচ অথবা সেটার ভাড়া এবং খোরাকি দিতে হবে আপনার চুক্তির অর্দ্ধেক সময় পূর্ণ হবার সময়কালের মধ্যেই। তাছাড়াও, আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনার বাড়ি ফেরৎ যাবার পরিবহন খরচ খোরাকিসহ দিতে হবে যদি আপনি চাকরীর

মেয়াদ পূর্ণ করে থাকেন, অথবা কোন কারনে আপনার অনুমোদিত চাকরীর মেয়াদকাল শেষ হবার আগেই আপনার নিয়োগকর্তা কর্তৃক আপনি ছাঁটাই হয়ে গেলে। আপনার নিয়োগকর্তাকে হয়ত আপনার আসার এবং ভিসার খরচ-পাতি কাজের প্রথম সপ্তাহেই আপনাকে দিতে হতে পারে যদি দেখা যায় যে উপার্জন থেকে খরচ বাদ দিলে যা থাকে সেটা যুক্তরাষ্ট্রের ন্যূনতম বেতনের থেকে কম।

## জে-১ দর্শনার্থী বিনিময় ভিসা

- আপনার অনুমোদিত ডি এস-২০১৯-এ বলা আছে আপনার কার্যক্রমের তারিখগুলি, বিনিময়ের শ্রেণীবিভাগ, আপনার ব্যয়ভার বহনকারীর নাম, এবং যেখানে আপনার বিনিময় কার্যক্রম হবে সেখানকার নিমন্ত্রণদাতা কে।
- আপনার ব্যায়ভার বহনকারীকে সব কিছু সঠিকভাবে বুঝিয়ে বলতে হবে, খরচ,শর্তসমূহ, এবং-আপনার বিনিময়-কার্যক্রমের বিধি-নিষেধগুলি।

## গ্রীষ্মকালীন কর্মভ্রমণ

- আপনার কাজ যদি আগেই ঠিক করা না থাকে, তবে আপনার যুক্তরাষ্ট্রে পৌঁছনোর পর আপনার ব্যায়ভার বহনকারীকে অবশ্যই আপনাকে কাজ খুঁজে দিতে সাহায্য করতে হবে।

## শিক্ষানবীশ অথবা প্রশিক্ষণার্থী

- আপনার ব্যায়ভার বহনকারীকে সামনা-সামনি আপনার সাক্ষাৎকার নিতে হবে, টেলিফোনে, অথবা ওয়েব ক্যামেরার মাধ্যমে।
- আপনার ব্যায়ভার বহনকারীকে অবশ্যই একটি শিক্ষানবীশ অথবা প্রশিক্ষণার্থী অন্তর্ভুক্তকরণ পরিকল্পনা (ডিএস-৭০০২) আপনাকে দিতে হবে, এবং তার মধ্যে লিখিতভাবে থাকবে আপনি যে বেতন পাবেন সেটি এবং এই কার্যক্রমের প্রশিক্ষণগত উদ্দেশ্যাবলীর সারাংশ। আপনাকে অবশ্যই সপ্তাহে অন্তত ৩২ ঘন্টার কাজ দিতে হবে।
- আপনার ব্যয়ভার বহনকারীকে আপনার সমুদয় খরচ এবং প্রদেয় অর্থ যা দিতে হবে সেগুলিসহ যুক্তরাষ্ট্রে আপনার বসবাসকালীন আনুমানিক খরচের একটি লিখিত বিবরণ আপনাকে দিতে হবে।
- ব্যায়ভার বহনকারীকে নিশ্চিত করতে হবে যে আপনার চিকিৎসা বীমা আছে, যদিও আপনার ব্যায়ভার বহনকারীকে আপনাকে এই বীমা অথবা তার খরচ দিতে হবেনা।

## প্রত্যাবাসিকা


- আপনার নিমন্ত্রাতা পরিবারকে অবশ্যই আপনাকে সাহায্য করতে হবে কোন প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক ক্লাসে তালিকাভুক্ত করে দেয়ায় এবং $৫০০ ডলার পর্যন্ত সেসব ক্লাসের খরচ বহন করায়।
- আপনার দিনে ১০ ঘন্টা অথবা সপ্তাহে ৪৫ ঘন্টার বেশি কাজ করার প্রয়োজন নাই।
- আপনার সাথে এবং নিমন্ত্রাতা পরিবারের সাথে আপনার উপদেষ্টার নিয়মিত যোগাযোগ রাখা আবশ্যক।

পরামর্শ: আপনার ভ্রমণের আগে, জরুরি কাগজ-পত্র, বিশেষ করে আপনার পাসপোর্ট, ইউ এস ভিসা, আপনার চাকরীর চুক্তি, এবং অতিরিক্ত অন্য কোন পরিচয়-পত্রমুলক কাগজ-পত্রের দুটি করে কপি করবেন। কপির একটি সেট আপনার দেশে বিশ্বস্ত কারুর কাছে রেখে দেবেন, এবং অন্যটি নিজের সাথে নিয়ে যাবেন।




# আপনার অন-অভিবাসী ভিসা

অন-অভিবাসী বা অভিবাসনবিহীন ভিসা হচ্ছে যুক্তরাষ্ট্র সরকারের একটি দলিল যা অনুমতি প্রদান করে যেসব ব্যক্তি যুক্তরাষ্ট্র ভ্রমণে এসে একটি নির্দিষ্ট উদ্দেশ্যে থাকতে চায়, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকে কাজ, পড়া-লেখা, বা কোন সাংস্কৃতিক বিনিময় কার্যক্রমে অংশ গ্রহণ। আপনাকে বিদেশে কোন মার্কিন যুতরাষ্ট্রের দূতাবাসে অথবা কনস্যুলেটে ভিসার জন্য আবেদন করতে হবে। আপনি একবার যখন অন-অভিবাসী ভিসাটি পেয়ে যাবেন তখন আপনি যুক্তরাষ্ট্রে যেতে পারবেন এবং সেখানে একজন অভিবাসন কর্মকর্তার সামনে সেটি উপস্থাপন করবেন প্রবেশাধিকার লাভের জন্য। আপনার ভিসার মেয়াদ শেষ হয়ে গিয়ে থাকলে যুক্তরাষ্ট্রে পুনঃপ্রবেশ করার আগে একটা নতুন ভিসা করাতে হবে।




আপনার যুক্তরাষ্ট্রে প্রবেশ অধিকার পাওয়ার পর, একজন অভিবাসন কর্মকর্তা আপনার পাসপোর্টে ছাপ দিয়ে প্রবেশের তারিখ, কোন শ্রেণীর প্রবেশ অধিকার এবং "অনুমোদিতভাবে থাকবার শেষ দিন" লিখে দেবেন। আপনাকে আই- ৯৪-এ "অনুমোদিত ভাবে থাকবার শেষ দিন" দেওয়া তারিখের মধ্যেই যুক্তরাষ্ট্র ছেড়ে যেতে হবে যাতে আপনার প্রবেশ অধিকার আইনসঙ্গত থাকে, যদি না মেয়াদ বাড়ানোর জন্য ইউ এস সিটিজেনশীপ এবং ইমিগ্রেশন সার্ভিসের কাছে আবেদন করে থাকেন। এইখানে গেলে আপনার আই-৯৪ এর নথী দেখতে পাবেন *https://i94.cbp.dhs.gov.*



পরামর্শ: যুক্তরাষ্ট্রে পৌঁছনোর পর, আপনার পাসপোর্ট এবং অন্যান্য ভ্রমনের কাগজ কোন নিরাপদ জায়গায় রাখবেন যাতে ইচ্ছামত সেগুলি পেতে পারেন। আপনার নিয়োগকর্তার জন্য পাসপোর্ট নিয়ে নেওয়া বেআইনি বলে গন্য হবে।

# আদম পাচার

আদম পাচারের শিকারদের সুরক্ষা এবং সেবা পাওয়ার অধিকার আছে, এবং হয়ত কিছু সরকারী সুযোগ সুবিধার জন্য উপযুক্ত হবেন। আদম পাচার একটি অপরাধ যার মাধ্যমে ছোট ছেলে-মেয়েদের উপর সুযোগ গ্রহণ করা হয় বাণিজ্যিক যৌনক্রিয়া করিয়ে, প্রাপ্ত বয়স্কদেরও জোরপূর্বক, মিথ্যা বলে এবং দমন নীতির মাধ্যমে বাণিজ্যিক যৌনক্রিয়া করিয়ে এবং যেকোন মানুষকে বলপূর্বক ইচ্ছার বিরুদ্ধে খাটিয়ে। এই ধরণের স্বার্থসাধকরা, যাদের মধ্যে থাকতে পারে শ্রমিক পাচারকারী, বেশ্যাগৃহের দালাল, এবং বাণিজ্যিক যৌনক্রিয়ার খরিদ্দার এদেরকে ফৌজদারি মামলাতে অভিযুক্ত করা যায় কেন্দ্রীয় এবং অঙ্গ-রাজ্যের আদম পাচার-বিরোধী আইন অনুসারে। শ্রমিক পাচারকারী এবং যৌনকর্মী পাচারকারীদের ফৌজদারি মামলায় অভিযুক্ত করা যায় এবং এমনকি তারা দেওয়ানি মামলারও সন্মুখিন হতে পারে। নিম্ন লিখিত সংকেতগুলি আদম পাচারের সতর্কবার্তা হয়ে উঠতে পারে।

## হুমকি এবং ভয়

পাচারকারী এবং তাদের সাহায্য করে যারা তারা হুমকি এবং বিভিন্ন ভীতি প্রদর্শক কাজ করে থাকে যাতে আপনাকে এবং অন্যদের ভয় দেখিয়ে পালাবার চেষ্টা থামায়। উদাহরণস্বরুপ:

- মারধোর, শারীরিক অত্যাচার, অথবা যৌন-উৎপীড়ন;
- মারধোরের, শারীরিক অত্যাচারের, যৌন-উৎপীড়নের হুমকি;
- কোন কর্মীকে তালাবন্ধ করে আটক রাখা অথবা তার কর্মস্থল বা বাড়ি ছেড়ে যাওয়া থেকে নিবৃত্ত করা;
- আপনি চলে যাবার চেষ্টা করলে, দূর্ব্যবহারের জন্য অভিযোগ করার চেষ্টা করলে, কতৃপক্ষের কাছে নালিশ করার চেষ্টা করলে অথবা সাহায্য চাইবার চেষ্টা করলে আপনার অথবা আপনার পরিবারকে ক্ষতি করার হুমকি;

- আপনাকে বিতাড়িত অথবা গ্রেপ্তার করা হবে সাহয্য চাওয়ার জন্য এই বলে হুমকি; অথবা
- হুমকি অথবা ক্ষতি অন্যান্য কর্মীদের প্রতি যারা চলে যাবার চেষ্টা করেছিল, অভিযোগ করেছিল, ঘটনাটি রিপোর্ট করতে অথবা সাহায্যের জন্য চেষ্টা করেছিল অথবা হুমকি যে কেউ পালিয়ে যাবার চেষ্টা করলে, তাকে খুঁজে বার করা হবে এবং ফেরত আনা হবে।

## দেনা

পাচারকারি, এবং যেসব মানুষ তাদের সাহায্য করে, দাবি করতে পারে যে আপনি কোন শ্রমবহুল কাজ, দাসত্ব, অথবা বানিজ্যিক যৌনক্রিয়া (গণিকাবৃত্তি )করে কোন দেনা শোধ করবেন। কোন কোন ক্ষেত্রে পাচারকারীরাই এই দেনার বিষয়টি তৈরী করে এবং দায়ভার আপনার উপর চাপিয়ে দেয়। শ্রমবহুল কাজ, দাসত্ব, অথবা বানিজ্যিক যৌনক্রিয়া (গণিকাবৃত্তি) করে কোন দেনা পরিশোধ করতে বাধ্য করা অথবা চলে যাওয়া থেকে নিবৃত্ত করা বেআইনি কাজ। পাচারকারিরা আপনার দেনা'র বিষয়টিকে নিজেদের স্বার্থ উদ্ধারে ব্যবহার করতে গিয়ে আপনার এই দেনা পরিশোধকে আরো কঠিন করে তুলতে পারে এবং এর থেকে আপনি হয়ত বিশ্বাস করতে পারেন যে ঐ পাচারকারীর কাছেই আপনাকে কাজ করে যেতে হবে যত দিন না ঋণ শোধ হয়। দেনা'কে নিজেদের স্বার্থ উদ্ধারের কাজে ব্যবহার করার উদাহরণগুলির মধ্যে আছে:

- যে দেনা যুক্তিযুক্ত সময়ের মধ্যে পরিশোধ করা কঠিন অথবা অসম্ভব এবং যেটা আপনার সম্ভাব্য আয়ের অনুপাতে অস্বাভাবিক।
- এমন একটি দেনার দায় আপনার উপর চাপিয়ে দেওয়া যাতে আপনি আগে সন্মতি দেন নাই অথবা যে দেনাতে আপনি রাজি হয়েছিলেন এটি তার অনুপাতে বেশি;
- আপনার উপার্জন থেকে টাকা দিয়ে দেনা পরিশোধ করাতে অ-রাজি হওয়া ;
- দেনা শোধে পাচারকারীর কাছে কত দিন কাজ করতে হবে তা নির্ধারণে অস্বীকৃতি;
- পরিবহন, বাসস্থান, খাদ্য এবং খরচের উপর মূল্য ধরে দেনা'র সাথে যোগ করা যাতে আপনি আগে থেকে সন্মতি দেন নাই; এবং
- নিয়ম ভঙ্গের জন্য, যথেষ্ট উপার্জন না করার জন্য, অথবা যথেষ্ট পরিশ্রম, কাজ অথবা বাণিজ্যিক যৌনকর্মে লিপ্ত হয়ে অতিরিক্ত উপার্জন না করার জন্য জরিমানা অথবা দণ্ড আরোপ।

পরামর্শ: বিস্তারিতভাবে লিখে রাখবেন যেকোন অনুপযুক্ত মন্তব্য এবং/অথবা আপনার নিয়োগকর্তা আপনার বিরুদ্ধে এমন কোন কার্যকলাপ করে এবং যদি কোন সাক্ষী থাকে তাহলে তাদের নাম এবং ফোন নম্বর।

## নিয়ম এবং নিয়ন্ত্রণ

পাচারকারীরা, এবং যারা তাদের সাহায্য করে, তারা হয়ত নিয়ম এবং নিয়ন্ত্রণের বিষয়গুলি ব্যবহার করতে পারে যাতে আপনার এবং অন্যদের চলে যাওয়া, নালিশ করা, অথবা সাহায্য চাওয়া কঠিন হয়ে পড়ে। উদাহরণস্বরূপ:

- কর্মস্থল ছেড়ে যাওয়ার বিরুদ্ধে নিয়ম অথবা কাজের বিরতির সময় কোন্ কোন্ জায়গায় যেতে পারবেন সেই বিষয়ে কড়া বিধান;
- আপনার পাসপোর্ট, ভিসা, জন্মসনদ, অথবা অন্য কোন পরিচয়পত্রমূলক নথিসমূহ আপনার নিজের কাছে রাখার বিরুদ্ধে নিয়ম;
- পর্যাপ্ত খাবার, নিদ্রা, অথবা চিকিৎসা থেকে বঞ্চিত করা; অথবা
- আপনার পরিবার, অন্যান্য কর্মী, খরিদ্দার, অথবা কাজের বাইরের কোন লোকজন, যেমন আইন অথবা সমাজসেবা সম্পর্কিত কর্মীর সাথে যোগাযোগ বন্ধ, সীমিত করলে অথবা নজরে রাখলে।

## ধোঁকা দেয়া এবং মিথ্যাবলা

পাচারকারী এবং যারা তাদের সাহায্য করে তারা হয়ত ধাপ্পাবাজি এবং মিথ্যার আশ্রয় নিতে পারে। উদাহরণস্বরূপ:

- মিথ্যা প্রতিশ্রুতী: কি ধরণের কাজ, দিনে কত ঘন্টা কাজ, কাজের এবং থাকার ব্যবস্থা, অথবা বেতন;
- আপনাকে খুব ভাল এক কাজের প্রতিশ্রুতী দিয়ে তারপর আপনাকে দিয়ে অনেক বেশি ঘন্টার কাজ করিয়ে নেওয়া, অনেক কঠিন পরিবেশে, অথবা যে প্রতিশ্রুতী দিয়েছিল তার চাইতে অনেক কম বেতনে; অথবা
- ভাল কাজের প্রতিশ্রুতী দিয়ে আপনাকে দিয়ে অন্য ধরণের কাজ, অন্য সেবা অথবা বাণিজ্যিক যৌনক্রিয়া-কলাপ করানো; এর মধ্যে থাকতে পারে এমন কাজের প্রতিশ্রুতী যেমন নার্সিং অধ্যাপনার চাকরি, তারপর জোর করে আপনাকে দিয়ে কোন নার্সিং হোমে একজন সাধারণ কর্মী হিসেবে কাজ করিয়ে নেওয়া, অথবা ছেলেমেয়ের আয়া'র কাজের প্রতিশ্রুতি দিয়ে এবং তারপরে জোর করে বিচিত্র নর্তকি হিসেবে অথবা বাণিজ্যিক যৌনক্রিয়া-কলাপে বাধ্য করা (গণিকাবৃত্তী)।
- আপনাকে বলবে যে আপনার কোন অধিকার নাই;
- আপনাকে বলবে যে আপনাকে কেউ বিশ্বাস করবেনা অথবা আপনি সাহায্য চাইতে গেলে আপনাকে বিতাড়িত করবে; অথবা
- আপনাকে মিথ্যা বলতে বলবে কোন পাচারকারির পরিচয় বিষয়ে।

## আপনাকে কি বিতাড়িত করে দেবে যদি আপনি এই অত্যাচারের কথা নালিশ করেন?

যারা অত্যাচার বিষয়ে নালিশ করে তাদের সুরক্ষা দেবার জন্য নানা কার্যক্রম আছে।

অভিবাসন সম্বন্ধে আপনার দুশ্চিন্তা থাকলেও, সাহায্য চাইতে ভয় পাবেননা। আপনার উচিৎ কোন এমন ইমিগ্রেশন উকিলের সাথে পরামর্শ করা যে আপনার নিয়োগকর্তার জন্য কাজ করেনা।

আপনি যদি মনে করেন যে আপনি আদম পাচারের অথবা অন্য কোন গুরুতর অপরাধের শিকার হয়েছেন, এর অন্তর্ভুক্ত ধর্ষণ অথবা যৌন অত্যাচার, আপনি হয়ত অন্য ধরণের অভিবাসনহীন অবস্থানের জন্য উপযুক্ত হবেন, যেমন "টি" (ট্র্যাফিকিং/আদমপাচারের শিকার) অথবা "ইউ" (আদম পাচার অথবা অন্যান্য গুরুত্বপূর্ণ অত্যাচারের শিকার) অন-অভিবাসী তথা অভিবাসনহীন অবস্থান অথবা যুক্তরাষ্ট্রে সাময়িকভাবে থাকার ভিন্নতর অনুমতি। এই অন-অভিবাসী অবস্থানগুলির সৃষ্টি করা হয়েছে শিকার তথা প্রতারিত লোকদের সুরক্ষা দেবার জন্য। যুক্তরাষ্ট্রে অনেকেই "টি" অথবা "ইউ" অন-অভিবাসী অবস্থানের বিষয়ে অবগত নন এবং হয়ত সেই সব লোকদের বিষয়ে আপনাকে বলতে হবে তাদের কাছে, যারা আপনাকে সাহায্য করছে।

## মানব পাচারের শিকাররা কি ধরণের সেবা পেতে পারে?

- যুক্তরাষ্ট্রে মানব পাচারের শিকাররা সুযোগ-সুবিধা, সেবা এবং অভিবাসনে ছাড় পাওয়ার জন্য উপযুক্ত হতে পারে কেন্দ্রীয় অথবা অঙ্গ-রাজ্যের কার্যক্রম অনুযায়ী। অনেক সংস্থা থেকে এইসব সুযোগ-সুবিধা যেমন, চিকিৎসা/দাঁতের যত্ন, মানসিক চিকিৎসা, বাসস্থান, অভিবাসনের জন্য বা অন্যান্য দরকারে আইনী সাহায্য, চাকরী পেতে সাহায্য, এবং সরকারী সুযোগ-সুবিধাসমূহ পেতে সাহায্য করে।

পরামর্শ: ভাল হয় যদি আপনি যতদিন কাজ করবেন,তার একটি লিখিত প্রমাণ রাখেন। একটি খাতাতে লিখে রাখুন সেইসব দিন ও ঘন্টার কথা যেসব দিনগুলিতে কাজ করেছেন, কত বেতন পেয়েছেন, যে যে তারিখে বেতন পেয়েছেন, বেতন থেকে কোন টাকা কেটে নেওয়া হয়েছে কি-না, এবং কি কারণে কেটে নেওয়া হয়েছিল, ইত্যাদি।

## দৈনন্দিন কার্যাবলীর সাপ্তাহিক হিসাব নিবন্ধন বইয়ের নমুনা

| | |
|---|---|
| **কর্মী:** | **কর্মকর্তা:** |

| তারিখ | কার্যকলাপ | কত ঘন্টা | পারিশ্রমিক |
|---|---|---|---|
| | | প্রবেশ: _____<br>প্রস্থান: _____<br>সর্ব্বমোট: _____ | |
| | | প্রবেশ: _____<br>প্রস্থান: _____<br>সর্ব্বমোট: _____ | |

## এই ওয়েব সাইটে গেলে আরও তথ্য পাবেন এই বিষয়ে:

নিম্ন লিখিত ওয়েব সাইটসমূহ ইংরেজিতে দেওয়া

- ভিসার আবেদন পদ্ধতি এবং আপনার ইউ এস ভিসা: *usvisas.state.gov*
- আদমপাচার: *www.state.gov/j/tip*
- জে-১ ভিসা বিনিময় কার্যক্রম: *j1visa.state.gov*
- সমযোগ্যতা, এবং আপনার যে অধিকার আছে কর্মস্থলে, জাতি, বর্ণ, ধর্ম, স্ত্রী অথবা পুরুষ (গর্ভধারণসহ), কোন দেশের মানুষ, বয়স (৪০ কি তার উর্দ্ধে) বিকলাঙ্গতা অথবা বংশানুগতিক তথ্যের জন্য, বৈষম্য বোধ না করা এবং একটি বৈষম্যের অভিযোগ আদালতে পেশ করতে হলে: *www.eeoc.gov*
- আপনার কর্মস্থলে নিরাপত্তার অধিকার, অথবা আপনি যদি মনে করেন যে আপনার কাজটা বিপজ্জনক এবং আপনি একটি পরিদর্শন অনুরোধ করতে চান: *www.osha.gov*
- আপনার বকেয়া বেতন আপনার নিয়োগকর্তার কাছ থেকে কি করে পেতে পারেন: *webapps.dol.gov/wow*
- ন্যায্য বেতন পাবার অধিকার, তার সাথে বেতন বিষয়ে অভিযোগ কিভাবে করবেন: *www.dol.gov/WHD/immigration*
- আপনার নাগরিকত্বগত অবস্থান নিয়ে বৈষম্য বোধ না করার অধিকার এবং এ বিষয়ে বৈষম্যের অভিযোগ পেশ করতে: *www.justice.gov/crt/filing-charge*
- অন্যান্য কর্মীদের সাথে যোগ দিয়ে আপনার বেতন অথবা কাজের অবস্থার উন্নতি করার অধিকার, তার সাথে অভিযোগ কি করে পেশ করবেন: *www.nlrb.gov*
- আপনার অধিকারসমূহ, দায়িত্ব, এবং স্বাস্থ্যবীমা থেকে অব্যাহতি: *localhelp.healthcare.gov*

এই পুস্তিকাটি তৈরী হয়েছে, William Wilberforce Trafficking Victims Protection Reauthorization Act of 2008, Public Law 110-457 ধারা ২০২ অনুযায়ী